# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**Bangladesh Water Development Board**

**প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর**
পানি ভবন, লেভেল-৫, ব্লক-এইচ
৭২ গ্রীণরোড, ঢাকা।
ই-মেইলঃ ce.monitoring@bwdb.gov.bd
cmonitoring@gmail.com

স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.২৫.০০১.২১- ২৭১৮ তারিখঃ ০৫/০৪/২০২২ খ্রিঃ।

## দপ্তরাদেশ

মাটির কাজের প্রি/পোস্ট-ওয়ার্ক জরীপ সংক্রান্ত তথ্যাদি টাস্কফোর্সের নিকট প্রেরণ বিষয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা এর স্মারক নং-অ-১২/১৯/১০৭৩; তারিখঃ ০৫/০১/২০২১খ্রিঃ একটি পত্রজারী করা হয়েছিল। জারীকৃত পত্র অনুসারে মাটির কাজের প্রি/পোস্ট-ওয়ার্ক জরীপ সংক্রান্ত তথ্যাদি টাস্কফোর্সের নিকট cmonitoring@yahoo.com এবং survey.tf.bwdb@gmail.com ই-মেইল ঠিকানা দুটিতে প্রেরণের জন্য সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, পওর/পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, সকল কে বলা হয়েছিল। বর্তমানে লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক পওর/পানি উন্নয়ন বিভাগ উল্লেখিত ই-মেইল দুটিতে মাটির কাজের প্রি/পোস্ট-ওয়ার্ক জরীপ সংক্রান্ত পূর্ণাঙ্গ তথ্যাদি প্রেরণ না করে অন্যান্য ই-মেইল ঠিকানায় প্রেরণ করছে। পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত “বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড টাস্কফোর্সের গাইডলাইন-২০২১” এর পৃষ্ঠা ১৩ (কপি সংযুক্ত) -তে উল্লেখিত সকল তথ্যাদি/ডকুমেন্টও সঠিকভাবে প্রেরণ করছে না, যা টাস্কফোর্সের কাজে যথেষ্ঠ অসুবিধার সৃষ্টি করছে।

এমতাবস্থায় কেবল মাত্র উল্লেখিত ই-মেইল দুটিতে “বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড টাস্কফোর্সের গাইডলাইন-২০২১” এর পৃষ্ঠা ১৩ (কপি সংযুক্ত) -তে উল্লেখিত সকল তথ্যাদি/ডকুমেন্ট প্রেরণ করার জন্য বলা হলো। অন্যথায় জরীপ সংক্রান্ত তথ্যাদি টাস্কফোর্সের নিকট প্রেরিত হয়নি মর্মে বিবেচিত হবে।
সংযুক্তিঃ বর্ণনামতে।

০৫/০৪/২২

(মোঃ রফিকুল ইসলাম চৌবে)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং,
বাপাউবো, ঢাকা।

স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.২৫.০০১.২১- ২৭১৮ তারিখঃ ০৫/০৪/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে)ঃ

১) প্রধান প্রকৌশলী (পুর)/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), সকল জোন, বাপাউবো।
২) জনাব মোঃ আমিনুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা ও আহ্বায়ক, টাস্কফোর্স।
৩) সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (দপ্তরাদেশটি বাপাউ বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
৫) জনাব মুহাম্মদ আনোয়ার সাদাত, নির্বাহী প্রকৌশলী, প্রধান পকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
৬) অফিস কপি।

০৫/০৪/২০২২

(মোঃ রফিকুল ইসলাম চৌবে)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং,
বাপাউবো, ঢাকা।

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর
ডিজাইন সার্কেল-২, বাপাউবো
পানি ভবন (লেভেল-৩)
ঢাকা-১২০৫

Email: design2_bwdb@yahoo.com

Office of the
Superintending Engineer
Design Circle-II,BWDB
Pani Bhabon(level-3),
Dhaka-1205

স্মারক নং- অ-১২/১৭/১০৭৬ তারিখঃ ০৫/০১/২০২১

বরাবর,

নির্বাহী প্রকৌশলী,
পওর/পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, সকল।

সূত্রঃ প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর স্মারক নং-৪২.০১.০০০.০০৭.৩১.০০১.২০-৯৩২ তারিখঃ ০৮ ডিসেম্বর, ২০২০ খ্রিঃ।

উল্লেখিত স্মারক মোতাবেক টাস্কফোর্স কর্তৃক এস্কাভেটর/ড্রেজারের সাহায্যে নদ-নদী ড্রেজিং, খাল খনন ও পুনঃখনন, বাঁধ মেরামত ও নতুন বাঁধ নির্মান কাজের গুণগত মান ও পরিমান পরিবীক্ষন এবং যাচাইয়ের জন্য প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সহ প্রি-ওয়ার্ক/পোস্ট-ওয়ার্ক জরিপের লেভেল বহি টাস্কফোর্সের নিকট দাখিলের ক্ষেত্রে অনুসরনীয়/প্রতিপালনীয় বিষয়সমূহঃ

ক) সকল তথ্য-উপাত্ত এর সফ্ট কপি (scan copy pdf Formate এ) cmonitoring@yahoo.com, survey.tf.bwdb@gmail.com এই দুটি ই-মেইলে প্রেরণ করতে হবে।

খ) যে সমস্ত দলিলাদি প্রেরণ করতে হবেঃ

১। চিঠি (Forwarding), ২। প্রি-ওয়ার্ক/পোস্ট-ওয়ার্ক জরিপের লেভেল বই, ৩। প্রি-ওয়ার্ক/পোস্ট-ওয়ার্ক জরিপ অনুযায়ী মাটির পরিমান (abstract), ৪। অনুমোদিত ডিজাইন, ৫। BOQ সহ বিস্তারিত কার্য্যাদেশ, এবং ৬। মাটির হিসাবের (Calculation sheet) Excel Worksheet or AutoCAD এর soft কপি।

গ) প্রি-ওয়ার্ক/পোস্ট-ওয়ার্ক জরিপের লেভেল বইয়ে আনুপাতিক হারে ক্রস সেকশন সমূহে সংশ্লিষ্ট উপ-বিভাগীয় প্রকৌশলী এবং নির্বাহী প্রকৌশলীর check স্বাক্ষর থাকতে হবে।

ঘ) জরিপের প্রতি ১.৫ হতে ২.০ কিঃমিঃ অন্তর অন্তর TBM থাকতে হবে এবং উক্ত তথ্য লেভেল বইয়ে উল্লেখ থাকতে হবে।

ঙ) বিশেষ কোন অনুমোদন ছাড়া কোন অবস্থাতেই আংশিক প্রি-ওয়ার্ক/পোস্ট-ওয়ার্ক জরিপ টাস্কফোর্স এর নিকট প্রেরণ করা যাবে না।

চ) প্রি-ওয়ার্ক/পোস্ট-ওয়ার্ক জরিপ অনুযায়ী মাটির পরিমানে (abstract) সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী, উপ-বিভাগীয় প্রকৌশলী, এবং নির্বাহী প্রকৌশলীর স্বাক্ষর থাকতে হবে।

ছ) চিঠিতে প্যাকেজ সহ কাজের নাম, খাল/নদীর নাম, চেইনেজ, দৈর্ঘ্য ইত্যাদি তথ্য থাকতে হবে এবং **চিঠি লিখতে হবে নিম্নস্বাক্ষরকারী বরাবর (সংযুক্তি ছাড়া অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত) এবং সংযুক্তি সহ অনুলিপি দিতে হবে জনাব মুহাম্মদ আনোয়ার সাদাত, নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলী মনিটরিং এর দপ্তর বরাবর (নমুনা সংযুক্ত)।**

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক

০৫/০১/২০২১
(মোঃ আমিনুল ইসলাম)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী,
ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা।
ও
আহ্বায়ক টাস্কফোর্স।
০৫/০১/২১

স্মারকনং- তারিখঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং, বাপাউবো, ঢাকা।
২। জনাব মুহাম্মদ আনোয়ার সাদাত, নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য টাস্কফোর্স।
৩। জনাব মোঃ সাজ্জাদ হোসেন, নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসিওরেন্স সেল (পূর্ব), বাপাউবো, ঢাকা ও সদস্য টাস্কফোর্স।
৪। জনাব মোঃ শাহিনুর রহমান, নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসিওরেন্স সেল (পশ্চিম), বাপাউবো, ঢাকা ও সদস্য টাস্কফোর্স।
৫। নথির কপি।

(মোঃ আমিনুল ইসলাম)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী,
ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা।
ও
আহ্বায়ক টাস্কফোর্স।

\\Common_pc\Home Folder\Sub-Divisional Engineers\Masha\New Pad Mujib 100 pdf.docx

নমুনা সংযুক্তি

বরাবর,

জনাব মোঃ আমিনুল ইসলাম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী,
ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা।
ও
আহ্বায়ক টাস্কফোর্স।

সূত্রঃ প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর স্মারক নং-৪২.০১.০০০.০০৭.৩১.০০১.২০-৯৩২ তারিখঃ ০৮ ডিসেম্বর, ২০২০ খ্রিঃ।

বিষয়ঃ "৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃখনন প্রকল্প (১ম পর্যায়)" এর আওতাধীন গিলাকান্দি মইশকান্দা খাল পুনঃখননের প্রি-ওয়ার্ক জরিপের দলিলাদি প্রেরণ প্রসঙ্গে।

মহোদয়,

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক নিম্নোল্লেখিত ছক মোতাবেক বিষয়ে বর্ণিত গিলাকান্দি মইশকান্দা খাল পুনঃখননের প্রি-ওয়ার্ক জরিপের দলিলাদি আপনার অবগতি এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

| ক্রমিক নং | প্যাকেজ সহ কাজের নাম | চেইনেজ সহ কাজের দৈর্ঘ্য | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | Re-excavation of Gilakandhi Moishakandhi khal from km 0.000 to km 3.600 = 3.600 km in c/w "Re-excavation of small river, Khal and water bodies in 64 Districts (Phase-I) Project" under Kishoreganj WD Division during the FY 2018-19 & 2019-20. | km 0.000 to km 3.600 = 3.600 km | |
| ০২ | | | |

সংযুক্তিঃ
১। প্রি-ওয়ার্ক লেভেল বই, ২। প্রি-ওয়ার্ক অনুযায়ী মাটির পরিমান (abstract), ৩। অনুমোদিত ডিজাইন, ৪। BOQ সহ বিস্তারিত কার্য্যাদেশ, এবং ৫। মাটির হিসাবের (Calculation sheet) soft কপি।

(--------------------)
নির্বাহী প্রকৌশলী,
কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ,
বাপাউবো, কিশোরগঞ্জ ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ
১। প্রধান প্রকৌশলী, মনিটরিং, বাপাউবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, কেন্দ্রিয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ পওর সার্কেল, বাপাউবো, ময়মনসিংহ।
৪। জনাব মুহাম্মদ আনোয়ার সাদাত, নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য টাস্কফোর্স (সংযুক্তি সহকারে)।
৫। অফিস কপি।

(-------------------)
নির্বাহী প্রকৌশলী,
কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ,
বাপাউবো, কিশোরগঞ্জ ।

৬) একই খাল (শাখা খাল সহ), একই নদী (শাখা নদী এবং উপ-নদী সহ) অর্থাৎ একটি নির্দিষ্ট Flow Network এর জন্য এবং একটি পোল্ডারের জন্য রেফারেন্স BM একটি হবে;

৭) সার্ভে অব বাংলাদেশ এর BM পিলারের মান (যা mMSL হিসেবে থাকে) এর সাথে ০.৪৬ মিটার যোগ করে mPWD হিসেবে ব্যবহার করতে হবে;

৮) খাল/নদী/বাঁধের দৈর্ঘ্য পরিমাপের ক্ষেত্রে যথাসম্ভব সেন্টার লাইন অনুসরন করতে হবে। খাল/নদীর পাড় দিয়ে এবং বাঁধের Toe-line দিয়ে দৈর্ঘ্য পরিমাপের ক্ষেত্রে ত্রুটি যুক্ত হওয়ার সম্ভাবনা থাকে। প্রি-ওয়ার্ক দৈর্ঘ্য এবং পোস্ট-ওয়ার্ক দৈর্ঘ্যের মধ্যে ভিন্নতা পাওয়া গেলে পোস্ট-ওয়ার্ক জরীপের সময় প্রাপ্ত দৈর্ঘ্য চুড়ান্ত বলে বিবেচিত হবে।

**খ) মাঠ দপ্তর কর্তৃক প্রি-ওয়ার্ক/পোস্ট-ওয়ার্ক জরিপ প্রতিবেদন যাচাইয়ের নিমিত্ত টাস্কফোর্সের নিকট দাখিলের ক্ষেত্রে অনুসরনীয়/প্রতিপালনীয় বিষয়সমূহঃ**

১) প্রি-ওয়ার্ক/পোস্ট-ওয়ার্ক জরিপের সকল তথ্য-উপাত্ত ডাকযোগে প্রেরণের পাশাপাশি নিম্নেলিখিত ফরমেটে ই-মেইলে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ✓ চিঠি Forwarding) (.pdf)
- ✓ প্রি-ওয়ার্ক/পোস্ট-ওয়ার্ক জরিপের লেভেল বই (.pdf)
- ✓ প্রি-ওয়ার্ক/পোস্ট-ওয়ার্ক জরিপ অনুযায়ী মাটির পরিমান (abstract, .pdf)
- ✓ অনুমোদিত ডিজাইন (.pdf)
- ✓ BOQ সহ বিস্তারিত কার্য্যাদেশ (.pdf) এবং
- ✓ মাটির হিসাব (Calculation sheet) Excel Worksheet or AutoCAD এর soft কপি

২) প্রি-ওয়ার্ক/পোস্ট-ওয়ার্ক জরিপের লেভেল বইয়ে আনুপাতিক হারে ক্রস সেকশন সমূহে সংশ্লিষ্ট উপ-বিভাগীয় প্রকৌশলী এবং নির্বাহী প্রকৌশলীর প্রতিস্বাক্ষর থাকতে হবে।

৩) বিশেষ কোন অনুমোদন ছাড়া কোন অবস্থাতেই আংশিক প্রি-ওয়ার্ক/পোস্ট-ওয়ার্ক জরিপ টাস্কফোর্স এর নিকট প্রেরণ করা যাবে না। এ ক্ষেত্রে টাস্কফোর্সের আহব্বায়কের (টেলিফোনে) পূর্ব অনুমতি গ্রহণ সাপেক্ষে সংশ্লিষ্ট কারণ উল্লেখ পূর্বক চিঠি দিতে হবে।

৪) প্রি-ওয়ার্ক/পোস্ট-ওয়ার্ক জরিপ অনুযায়ী মাটির পরিমানে (abstract) সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী, উপ-বিভাগীয় প্রকৌশলী, এবং নির্বাহী প্রকৌশলীর স্বাক্ষর থাকতে হবে।

৫) চিঠিতে প্যাকেজ সহ কাজের নাম, খাল/নদীর নাম, চেইনেজ, দৈর্ঘ্য ইত্যাদি তথ্য থাকতে হবে।

৬) চিঠিতে প্রেরণকারীর স্বাক্ষরে যে তারিখই থাকুক না কেন ই-মেইলে প্রেরণের তারিখই জরীপ প্রতিবেদন প্রেরণের প্রকৃত তারিখ হিসেবে বিবেচিত হবে|

**গ) প্রি-ওয়ার্ক/পোস্ট-ওয়াক জরিপ যাচাইয়ের ক্ষেত্রে টাস্কফোর্স কর্তৃক পালনীয় বিষয়সমূহঃ**

১) ই-মেইলে সকল তথ্য-উপাত্ত সহ প্রি-ওয়ার্ক/পোস্ট-ওয়াক জরিপ প্রতিবেদন প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুততার সাথে যাচাইয়ের পদক্ষেপ নেয়া। সকল তথ্য-উপাত্ত না পাওয়া গেলে সংশ্লিষ্ট বিভাগের নির্বাহী প্রকৌশলীকে ফোনে/পত্র মাধ্যমে/ই-মেইলে জানানো।

২) প্রি-ওয়ার্ক টাস্কফোর্স কর্তৃক যাচাই না হওয়া পর্যন্ত এবং প্রি-ওয়ার্ক জরীপ প্রতিবেদন ই-মেইলে প্রেরনের তারিখ হতে ১৫ (পনের) দিনের পূর্বে কোন প্রকার মাটির কাজ আরম্ভ করা যাবে না। তবে জরুরী ক্ষেত্রে সংশ্লিষ্ট টাস্কফোর্স আহ্বায়ক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মান নিয়ন্ত্রণ ও নিশ্চিতকরন পরিদপ্তর, পূর্ব/পশ্চিম, বাপাউবো, ঢাকা এর সাথে আলোচনা ক্রমে উক্ত সময় সীমার পূর্বে কাজ শুরু করা যেতে পারে এবং মাঠ দপ্তর প্রয়োজন মনে করলে উক্ত ১৫ (পনের) দিনের পরেও জরীপ যাচাইয়ের জন্য টাস্কফোর্সের সাথে আলোচনা করতে পারবে।

৩) কোন বিভাগের সকল মাটির কাজের প্রি-ওয়ার্ক জরীপ যাচাই করা সম্ভব না হলে সময় এবং সক্ষমতার সাপেক্ষে দ্বৈবচয়ন ভিত্তিতে যাচাই কাজ সম্পন্ন করা হবে।